



# ছাত্রকল্যাণ পরিচালকের দপ্তর

চট্টগ্রাম প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

চট্টগ্রাম - ৪৩৪৯

ফোন : ০৩১-২৫১৬৩০২, পিবিএক্স : ০৩১-৭১৪৯২০-২২এক্স (৮৫০০) Email: dswcuet@gmail.com

তারিখ : ০৪/০২/২০২৪ খ্রিঃ।

## “বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতা-২০২৪”

-ঃ বিজ্ঞপ্তি :-

অত্র বিশ্ববিদ্যালয়ে সম্মানিত সকল শিক্ষক, কর্মকর্তা, কর্মচারী এবং শিক্ষার্থীদের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, “বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতা-২০২৪” এর সমাপনী ক্রীড়া অনুষ্ঠান আগামী ০৮/০২/২০২৪ খ্রিঃ তারিখ রোজ বৃহস্পতিবার সকাল ১১:০০ ঘটিকায় চুয়েট কেন্দ্রীয় খেলার মাঠে অনুষ্ঠিত হবে। উক্ত সমাপনী ক্রীড়া অনুষ্ঠানে অধ্যাপক ড. মোহাম্মদ রফিকুল আলম, মাননীয় উপাচার্য, চুয়েট, প্রধান অতিথি হিসেবে উপস্থিত থাকার সদয় সম্মতি জ্ঞাপন করেছেন। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত থাকবেন অধ্যাপক ড. সুদীপ কুমার পাল (ডীন, পুরকৌশল অনুষদ), অধ্যাপক ড. মোহাম্মদ সামসুল আরেফিন (ডীন, তড়িৎ ও কম্পিউটার কৌশল অনুষদ), অধ্যাপক ড. শেখ মোহাম্মদ হুমায়ুন কবির, ডীন, যন্ত্রকৌশল অনুষদ এবং রেজিস্ট্রার (অতিঃ দায়িত্ব), অধ্যাপক ড. এ.এইচ. রাশেদুল হোসেন (ডীন, প্রকৌশল ও প্রযুক্তি অনুষদ), অধ্যাপক ড. মুহাম্মদ রাশিদুল হাসান (ডীন, স্থাপত্য ও পরিকল্পনা অনুষদ), চুয়েট।

উক্ত “বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতা-২০২৪” সমাপনী ক্রীড়া অনুষ্ঠান উপভোগ করার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হল।

ধন্যবাদান্তে

(অধ্যাপক ড. মোঃ রেজাউল করিম)

পরিচালক (ছাত্রকল্যাণ দপ্তর)

চট্টগ্রাম প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়।

তারিখ : ০৪/০২/২০২৪খ্রিঃ

স্মারক নং- চুয়েট/ ছাক/৬৭৫ (১৪)

জ্ঞাতার্থে ও কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হল :

- ১। সকল ডীন/ বিভাগীয় প্রধান/ পরিচালক ও চেয়ারম্যান, চুয়েট। ইহা বিভাগে শিক্ষার্থীদের মধ্যে ব্যাপক প্রচারের অনুরোধ সহকারে।
- ২। সকল হল প্রভোস্ট, চুয়েট। ইহা তাহাঁর হলে ব্যাপক প্রচারের অনুরোধ সহকারে।
- ৩। সকল অফিস প্রধান/ শাখা প্রধান, চুয়েট। স্ব-স্ব অফিস/শাখার সকল কর্মকর্তা ও কর্মচারীদের মধ্যে ব্যাপক প্রচারের অনুরোধ সহকারে।
- ৪। পরিচালক, আইআইসিটি, চুয়েট। বিজ্ঞপ্তি চুয়েটের ওয়েব সাইটে প্রচারের অনুরোধ সহকারে।
- ৫। উপ-পরিচালক, ছাত্রকল্যাণ, চুয়েট।
- ৬। প্রধান প্রকৌশলী, চুয়েট।
- ৭। কো-অর্ডিনেটর, মেডিক্যাল সেন্টার, চুয়েট। (খেলার দিনে চিকিৎসা সহকারী ও এম্বুলেন্স সরবরাহের অনুরোধ সহকারে)
- ৮। উপ-পরিচালক (জনসংযোগ), চুয়েট। বিজ্ঞপ্তি মিডিয়ায় প্রকাশ ও উল্লেখিত ক্রীড়া দিবসে আলোকচিত্র সংগ্রহের অনুরোধ সহকারে।
- ৯। ডেপুটি রেজিস্ট্রার, বিশ্ববিদ্যালয় NIS/APA শাখা, চুয়েট।
- ১০। পিএস টু ভিসি, চুয়েট। ভিসি মহোদয়ের সদয় জ্ঞাতার্থে।
- ১১। পিও টু রেজিস্ট্রার, রেজিস্ট্রার মহোদয়ের সদয় জ্ঞাতার্থে।
- ১২। যানবাহন কর্মকর্তা, চুয়েট।
- ১৩। সকল বিজ্ঞপ্তি ফলক, চুয়েট।
- ১৪। সংরক্ষণ নথি।

(মোহাম্মদ জসীম উদ্দীন)

উপ-প্রধান শারীরিক শিক্ষা কর্মকর্তা  
চট্টগ্রাম প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়।